

**বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউট**

বাকুবি চতুর, ময়মনসিংহ

**বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউটের জাতীয় শুল্কাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর ২য় প্রাপ্তিকের  
নেতৃত্বকারী কমিটির সভার কার্যবিবরণী**

১. সভার সভাপতি : ড. বীরেশ কুমার গোস্বামী  
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।
২. সভার তারিখ ও সময় : ২৫ অক্টোবর ২০১৯ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকায়।
৩. স্থান : সভাকক্ষ, বিনা, ময়মনসিংহ।
৪. উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক
৫. আলোচনা ও সিদ্ধান্ত : উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। বিষ্টারিত  
আলোচনাতে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি এবং সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ প্রদানের পর প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণ হাজিরা ও কর্মকর্তার সংখ্যা ইত্যাদি সকল তথ্য প্রমাণক হিসাবে রাখতে হবে।	প্রশিক্ষণ কর্মকর্তা
২	জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে “ডেজিগেটেড অফিসার” নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ	জনাব খোন্দকার শামসুল আরেফিন, এসএসও, ইলেক্ট্রনিক্স শাখাকে “ডেজিগেটেড অফিসার” হিসাবে মনোনয়ন করত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	উপ-পরিচালক (প্রশা) এবং প্রধান, ইলেক্ট্রনিক্স শাখা
৩	শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন এবং অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	প্রত্যেক বিভাগীয়/শাখা প্রধান পরিদর্শন খাতা খুলবেন এবং প্রত্যেক মাসে পরিদর্শনকারীর মন্তব্য অনুযায়ী গৃহীত পদক্ষেপের প্রতিবেদন/নোটিশ পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা বরাবর জমা প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগীয়/শাখা প্রধান
৪	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ এবং শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ এর ব্যবস্থা নিবেন।	নিম্নোক্ত কমিটি আগামী ১ মাসের মধ্যে নথির শ্রেণি বিন্যাসকরণ এবং শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ এর ব্যবস্থা নিবেন। ১। ড. মোঃ হোসেন আলী, সিএসও, কৃষি প্রকৌশল বিভাগ - সভাপতি ২। মোঃ মনজুরুল হোসেন খান, উপপরিচালক (অর্থ) - সদস্য ৩। জনাব মোঃ মহসীন আলী সরকার, উপপরিচালক (প্রশাসন) - সদস্য সচিব	সংশ্লিষ্ট কমিটি
৫	প্রাতিষ্ঠানিক গগশুনানী আয়োজন	ডিসেম্বর, ২০১৯ মধ্যে ১টি প্রাতিষ্ঠানিক গগশুনানীর আয়োজন করতে হবে।	প্রশাসন শাখা
৬	প্রশিক্ষণের ডাটাবেস প্রণয়ন করা	২য় প্রাপ্তিক (অক্টোবর-ডিসেম্বর, ১৯) সময়ের মাঝে প্রশিক্ষণের ডাটাবেস প্রণয়ন করতে হবে। ড. শরিফুল হক ভূঞ্ছা, সিএসও ও শাখা প্রধান এবং ড. মোঃ মঞ্জুরুল আলম মন্ডল, সিএসও (আরসি) এ কাজে পরিচালক (প্রশঃ ও পরিঃ) মহোদয়কে সহযোগিতা করবেন।	পরিচালক (প্রশঃ ও পরিঃ)

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. বীরেশ কুমার গোস্বামী)

মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ